



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।
www.dwa.palash.narsingdi.gov.bd



স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০৫.০০.০১৫.১৬-২০২,

তারিখঃ ২৫ আগস্ট ২০২২

বিষয়ঃ আগামী ২৫ নভেম্বর ২০২২ হতে ১০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” ও ৯ ডিসেম্বর ২০২২ তারিখে “বেগম রোকেয়া দিবস” উদযাপন উপলক্ষে “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর ২০২২ হতে ১০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” ও ৯ ডিসেম্বর ২০২২ “বেগম রোকেয়া দিবস” প্রতিবছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় তৃণমূল পর্যায়ে সমাজের সকল বাধা বিপত্তি দূর করে নিম্নোক্ত ০৫(পাঁচ)টি ক্যাটাগরীতে সফল নারী তথা জয়িতাদের বাছাই করে তাদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদান করা হবে।

ক্যাটাগরী সমূহঃ

- অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী
- শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী
- সফল জননী নারী
- নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী
- সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

০২। বর্ণিত অবস্থায় আপনার ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দাদের মধ্যে থেকে সম্ভাব্য জয়িতাদের চিহ্নিত করে তাদের জীবনবৃত্তান্ত ও প্রয়োজনীয় কাগজ পত্র সহ আগামী ৩০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক কার্যক্রমটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্রঃ


- সংশ্লিষ্ট ক্যাটাগরীতে নির্বাচিত জয়িতার ৪ (চার) কপি করে সত্যায়িত রশ্মিন ছবি।
- নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত/প্রোফাইল (প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে)।
- জাতীয় পরিচয়পত্রের কপি।
- সংশ্লিষ্ট ক্যাটাগরীতে সাফল্য অর্জনের স্বপক্ষে বিভিন্ন স্মারক (যদি থাকে)।
- জয়িতা বাছাই সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটির কার্য বিবরণী।

সংযুক্তিঃ

- “জয়িতা অবেষণে বাংলাদেশ” কার্যক্রম পরিচালনা নীতিমালা।
- জীবন বৃত্তান্ত “ছক”।

মেয়র / চেয়ারম্যান

ঘোড়াশাল পৌরসভা / ইউনিয়ন পরিষদ (সকল)
পলাশ, নরসিংদী।


(রেহানা পারভীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পলাশ, নরসিংদী।
ফোনঃ ৯৪৬৬৪৬৩।

ই-মেইলঃ uwaopalash@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
- উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
- উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
- উপজেলা কর্মকর্তা ও সদস্য জয়িতা বাছাই কমিটি, পলাশ, নরসিংদী।
- অফিস কপি।